এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড
99 HUDSON STREET, 12th FL, NEW YORK, NY 10013-2815 212.966.5932 ফ্যাক্স 212.966.4303

"স্থগিত পদক্ষেপ" বিষয়ে ওবামার নির্দেশের অর্থ আমার কাছে কী?

রাষ্ট্রপতি ওবামার 15ই জুন, 2012 তারিখের নির্দেশটি "স্থগিত পদক্ষেপ" অবস্থা মঞ্জুর করে, যাতে যোগ্যতাসম্পন্ন অল্পবয়স্ক ব্যক্তিদের আমেরিকা থেকে দেশান্তরিত করা আটকানো যায়। তবে স্থগিত পদক্ষেপ পাওয়ার অর্থ এই নয় যে আপনি গ্রীন কার্ড বা নাগরিকত্ব পেতে পারেন।

যোগ্যতার মাপকাঠি আপনি স্থগিত পদক্ষেপের জন্য যোগ্য হতে পারেন, যদি আপনি:	**কিন্তু অপেক্ষা করুন!** আপনি যদি গুরুতর অভিবাসন লংঘন করে থাকেন, তাহলে আপনি যোগ্য নাও হতে পারেন। একজন আইনজীবীর পরামর্শ নিন, যদি আপনি:
1. আবেদন করার সময় আপনার বয়স কমপক্ষে 15 বছর হয়। 2. 15 জুন 2012 পর্যন্ত আপনার বয়স 31 বছরের কম হয়; 3. 16 বছর বয়সের আগে যুক্তরাষ্ট্রে এসে থাকেন; 4. 15ই জুন 2007 এর পর থেকে একটানা যুক্তরাষ্ট্রে বাস করে চলেছেন; 5. 15ই জুন, 2012 তারিখে এবং আবেদন করার সময় যুক্তরাষ্ট্রে উপস্থিত ছিলেন; 6. 15ই জুন, 2012 তারিখে কোনো আইনসম্মত নাগরিকত্ব/গ্রীন কার্ড অবস্থা ছিল না; এবং 7. বর্তমানে স্কুলে পড়েন, অথবা হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট করেছেন, অথবা GED পেয়েছিলেন, অ্যাসোসিয়েট বা ব্যাচেলর্স ডিগ্রী সহ গ্র্যাজুয়েট হয়েছিলেন, অথবা আপনি যদি কোস্ট গার্ড বা সশস্ত্র বাহিনী থেকে সসম্মানে অব্যাহতি পাওয়া অবসরপ্রাপ্ত সৈনিক হন	• কোনো গুরুতর অপরাধ বা 1 বছরের বেশি কারাবাসের শাস্তিযোগ্য অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন। • কোনো উল্লেখযোগ্য লঘু অপরাধ, অর্থা 6 দিন থেকে 1 বছর পর্যন্ত কারাবাসের শাস্তিযোগ্য অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন, এবং নিম্নলিখিত ঘটনাগুলি জড়িত থাকে: পারিবারিক হিংসা; যৌন নির্যাতন বা শোষণ; ডাকাতি; বেআইনিভাবে আগ্নেয়াস্ত্র রাখা বা ব্যবহার করা; মাদকদ্রব্য বিতরণ বা চোরাচালান; মাতাল হয়ে গাড়ী চালানো; বা এমন কোনো অপরাধ যার জন্য আপনাকে 90 দিনের বেশি কারাবাসের সাজা দেওয়া হয়েছিল। • 3 টি বা তার বেশি লঘু অপরাধ, ছোটখাটো অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন। • জাতীয় সুরক্ষা বা সার্বজনীন নিরাপত্তার পক্ষে বিপজ্জনক হন।
স্থগিত পদক্ষেপের জন্য দরখাস্তগুলি এখন http://www.uscis.gov/humanitarian/consideration-deferred-action-childhood-arrivals-daca এ পাওয়া যায়।	

সুবিধাসমূহ

স্থগিত পদক্ষেপ নিতে যোগ্য হলে আপনাকে দেশান্তরিত করা যাবে না এবং আপনাকে কাজের অনুমতিপত্রের জন্য আবেদন করার সুযোগ দেয়া হবে। আপনি যেখানে বাস করেন তার উপরে নির্ভর করে, যোগ্যতাসম্পন্ন ছাত্রছাত্রীরা গাড়ি চালানোর লাইসেন্স ও সোশ্যাল সিকিউরিটি নম্বরের জন্যও আবেদন করতে পারেন। আপনি যদি স্থগিত পদক্ষেপ মর্যাদা পান, তাহলে আপনি বিশেষ পরিস্থিতিতে ভ্রমণও করতে পারেন।

সীমা ও ঝুঁকিসমূহ

স্থগিত পদক্ষেপ গ্রীন কার্ড বা নাগরিকত্ব অর্জনের পথ নয়। নাগরিকত্ব পাওয়ার একটি পথ তৈরি করার জন্য, কংগ্রেসকে DREAM অ্যাক্ট বা অন্য আইন পাস করতে হবে, যা শিশু অবস্থায় U.S. এ আসা অভিবাসী তরুণ-তরুণীদের ওপর প্রযোজ্য হবে। স্থগিত পদক্ষেপ দু'বছরের জন্য প্রাপ্তিসাধ্য। এই দু'বছরের শেষে, আপনাকে আবার অবশ্যই U.S. এর কাছে আপনার দরখাস্ত নবায়নের জন্য আবেদন করতে হবে। আপনি যদি যোগ্যতার মাপকাঠি পূরণ করেন, এমন কি তাহলেও স্থগিত পদক্ষেপের নিশ্চয়তা দেওয়া হয় না এবং যে কোনো সময় তা সমাপ্ত করে দেওয়া হতে পারে। আপীল করার কোনো প্রক্রিয়া নেই। আপনি যদি আবেদন করেন, কিন্তু যোগ্যতার মৌলিক আবশ্যকতাগুলি পূরণ না করেন, কিংবা গুরুতর অভিবাসন লংঘন করে থাকেন, তাহলে সরকার আপনাকে আমেরিকা থেকে নির্বাসিত (বের) করে দেওয়ার জন্য কার্যপ্রণালী আরম্ভ করতে পারে।

© 2014 AALDEF এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড – DACA Fact Sheet (Bangla)

কীভাবে আবেদন করতে হয়
নির্দেশাবলী ও ফর্মগুলির জন্য
www.uscis.gov/childhoodarrivals এ যান।
আবেদন করার জন্য, আপনাকে অবশ্যই স্থগিত পদক্ষেপ ফর্ম (I-821D), সমর্থনকারী কাগজপত্র, নিয়োগ অনুমোদন ফর্ম ও ওয়ার্কশিট (I-765 ও I-765WS), এবং 2টি পাসপোর্ট মাপের ফটো জমা দিতে হবে।
সহায়ক কাগজপত্রগুলিকে তালিকায় দেওয়া 7টি যোগ্যতার মাপকাঠির প্রমাণ দিতে হবে। আপনার যে সমস্ত কাগজপত্র প্রয়োজন হবে সেগুলি জড়ো করার জন্য "সহায়ক কাগজপত্রের চেকলিস্ট" ব্যবহার করুন।

কোথায় আবেদন করতে হয়
আপনার আবেদনপত্র পাঠানোর ঠিকানাটি নির্ভর করবে আপনি যে স্টেটে থাকেন তার ওপর।
www.ucsis.gov/childhoodarrivals দেখুন।

আবেদনের খরচ
DACA আবেদনের জন্য কোনো মূল্য প্রয়োজন হয় না, তবে আপনাকে কাজের অনুমতিপত্র এবং আঙুলের ছাপ নেওয়ার আবশ্যকতার জন্য "U.S. ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড কিউরিটি"-কে প্রদত্ত মোট $465 ফী জমা দিতে হবে।

সহায়ক কাগজপত্রের চেকলিস্ট

- ☐ আপনার মূল দেশের পাসপোর্ট
- ☐ জন্মের প্রমাণপত্র
- ☐ ভ্রমণের কাগজপত্র
- ☐ আর্থিক রেকর্ড, যেমন ব্যাংকের স্টেটমেন্ট, ট্যাক্স রিটার্ন
- ☐ ইউটিলিটি বিল
- ☐ স্কুলের নথি
- ☐ ডিপ্লোমা, GED সার্টিফিকেট
- ☐ রিপোর্ট কার্ড ও ট্র্যান্সক্রিপ্ট
- ☐ চিকি৷সার নথিপত্র
- ☐ সামরিক নথিপত্র (কর্মচারী, স্বাস্থ্য)
- ☐ কোনো চূড়ান্ত আদেশ বা নির্বাসন বা অভিবাসন সংক্রান্ত কাগজপত্রের প্রতিলিপি
- ☐ অপরাধের কারণে গ্রেপ্তার হওয়ার ক্ষেত্রে ফৌজদারী নথি বা আদালতের বিবৃতির প্রতিলিপি
- ☐ সমাজের সমর্থনের চিঠি
- ☐ যে সমস্ত কাগজপত্র আপনার সপক্ষে যুক্তিগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করে, যেমন সমাজের সাথে সম্বন্ধ, কার্যকলাপ, পুরস্কার

যে কোনো সম্ভাব্য প্রতারণা ও জালিয়াতির থেকে **সাবধান!** এই আবেদনের ক্ষেত্রে সাহায্য করার জন্য, আপনাকে কাউকে কোনো অর্থ দিতে হয় না। অনেক প্রতিষ্ঠান বিনামূল্যে আইনি পরিষেবা প্রদান করছে।

যোগ্যতাসম্পন্ন অল্পবয়স্কদের **পরিবারের সদস্যরা** স্থগিত পদক্ষেপের জন্য যোগ্য **নন,** যদি না পরিবারের সদস্যরা নিজেরাও যোগ্যতার মাপকাঠি পূর্ণ করেন।

কীভাবে নবায়ন করতে হয়
আপনার যদি ইতিমধ্যেই DACA থাকে, তাহলে আপনার স্থগিত পদক্ষেপের মেয়াদ অতিক্রান্ত হওয়ার কমপক্ষে 120 দিন (4 মাস) আগে আপনার নবায়নের দরখাস্ত জমা দিন তবে এর জন্য 150 দিনের (5 মাসের) বেশী সময় নেবেন না। নবায়ন করার জন্য, একটি নতুন I-821D, I-765, ও I-765WS এর সাথে আরো $465 ফী জমা দিন। আপনাকে আবার সহায়ক কাগজপত্র জমা দিতে হবে না, যদি না আপনার কাছে এমন কোনো নতুন অভিবাসন ও অপরাধমূলক ইতিহাসের নথিপত্র থাকে যা পূর্বে জমা দেওয়া হয় নি। নির্দেশাবলী ও ফর্মগুলি www.uscis.gov/childhoodarrivals এ পাওয়া যায়।

আরো তথ্যের জন্য AALDEF-এর FAQ থেকে DACA সম্বন্ধে আরো জানুন, যা এখানে দেওয়া হয়েছে:
http://aaldef.org/obamas-dream-act-directive-on-deferred-action----faqs.html.

বিনামূল্যে আইনি পরামর্শ ও সহায়তা AALDEF-এর সঙ্গে (212) 966-5932 নম্বরে বা info@aaldef.org এ যোগাযোগ করুন।
পরামর্শ ও প্রতিনিধিত্ব প্রদানের জন্য AALDEF বিনামূল্যে DACA আইনি ক্লিনিক আয়োজন করে। নথিপত্রবিহীন এশিয়ান আমেরিকান তরুণ-তরুণীদের জন্য AALDEF একটি যুব গোষ্ঠীও পরিচালনা করে, যাতে ন্যায্য অভিবাসন নীতি সংগঠিত করার জন্য একটি নিরাপদ স্থান ও সহায়তা প্রদান করা যায়। আরো তথ্যের জন্য আমাদের ইমেল করুন বা ফোন করুন।

© 2014 AALDEF এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড – DACA Fact Sheet (Bangla)